

## বিদ্যালয় দূষণমুক্ত রাখতে আমার করণীয়

ভূমিকা : আমার বিদ্যালয়ের নাম ঝিলটুলি সরকারি প্রাথমিক বিদ্যালয়। এটি ফরিদপুর জেলায় অবস্থিত। সবদিক বিবেচনা করলে আমার বিদ্যালয়কে একটি আদর্শ বিদ্যালয় হিসেবে নির্বাচন করা যেতে পারে।

বিদ্যালয়ের বর্ণনা : আমার বিদ্যালয়ে তিনটি পাকা ভবন রয়েছে। এতে বারোটি কক্ষ রয়েছে। বিদ্যালয়ের সামনে বড় আকারের একটি খেলার মাঠ রয়েছে। আমাদের বিদ্যালয় প্রায় তিনশত ছাত্র-ছাত্রী এবং নয়জন শিক্ষক ও তিনজন শিক্ষিকা রয়েছে। আমাদের বিদ্যালয় সকাল ৯.০০ ঘটিকায় শুরু হয় এবং বিকাল ৪.০০ দিকে শেষ হয়। প্রতিবছর নানা ধরনের খেলাধুলা এবং বিভিন্ন উৎসব অনুষ্ঠিত হয়।

বিদ্যালয় দূষণমুক্ত রাখতে আমার করণীয় : আমার বিদ্যালয়কে দূষণমুক্ত রাখতে আমার করণীয়-সহপাঠীরা মিলে নিয়মিত শ্রেণিকক্ষ পরিষ্কার পরিচ্ছন্ন রাখবো। বিদ্যালয়ের চারপাশের পরিবেশ পরিষ্কার ও দূষণমুক্ত রাখবো। খেলার মাঠ পরিষ্কার রাখবো। যেখানে সেখানে ময়লা-আবর্জনা কফ-থুথু ফেলা থেকে বিরত থাকবো। নিজে সব সময় পরিষ্কার থাকব এবং অন্যকে উৎসাহিত করব। ক্লাস শুরু হওয়ার আগে শ্রেণিকক্ষে অবস্থিত চেয়ার, টেবিল, বেঞ্চ, বোর্ড পরিষ্কার রাখবো। ক্লাস চলাকালীন অবস্থায় ময়লা যেখানে সেখানে না ফেলে ডাস্টবিনে ফেলব। বিদ্যালয়ের নিয়ম মেনে চলবো। অতএব বিদ্যালয়কে পরিষ্কার-পরিচ্ছন্ন এবং দূষণমুক্ত রাখা আমাদের সকলের দায়িত্ব।

উপসংহার : বিদ্যালয় আমাদেরকে উপযুক্ত মানুষ হিসেবে গড়ে তোলে। এজন্য আমাদের উচিত বিদ্যালয়কে দূষণমুক্ত রাখা। বিদ্যালয়ের সকল নিয়ম-কানুন মেনে চলা। কোনো কিছুকে নষ্ট না করা। আমার বিদ্যালয়টি অত্র এলাকার সবথেকে সুনামধন্য বিদ্যালয়। এরকম একটি আদর্শ বিদ্যালয় পড়ালেখা করতে পেরে আমি নিজেকে অনেক ভাগ্যবান মনে করি।